বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

" কৃষি ভবন "

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(এএসসি বিভাগ)

স্মারক নং- ১২.২৮৪.০৩৫.০১.০১.০০২.২০১৮/১৬৯ তারিখ ঃ- ২৮ আগষ্ট, ২০১৯ খ্রিঃ

বরাবর,

উপপরিচালক (এএসসি)বিএডিসি,
দিনাজপুর/রংপুর/পাবনা/খুলনা/জামালপুর/কিশোরগঞ্জ/সিলেট/
নোয়াখালী/ বান্দরবান/লামা/পটুয়াখালী/বরিশাল/বরগুনা/মেহেরপুর ।

বিষয় ঃ- <u>২০১৯-২০ সালে নারিকেল চারা উৎপাদনের লক্ষ্যে নারিকেল বীজ ক্রয় এবং উৎপাদিত নারিকেল চারার বিক্রয় দর অনুমোদন</u>।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২০-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সংস্থার চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত " মুল্য নির্ধারণ কমিটি''র সভায় এগ্রো সার্ভিস বিভাগের আওতায় ১৪টি এগ্রো সার্ভিস কেন্দ্রে ২০১৯-২০ অর্থবছরে মান সম্পন্ন নারিকেল চারা উৎপাদনের উদ্দেশ্যে বীজ নারিকেল ক্রয় এবং উৎপাদিত নারিকেল চারার বিক্রয় দর অনুমোদিত হয়েছে । উক্ত সভার সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

<u>সিদ্ধান্ত সমুহঃ</u>

১। উদ্যান উন্নয়ন বিভাগ এবং এগ্রো সার্ভিস বিভাগের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ২০১৯-২০ বর্ষে উদ্যান উন্নয়ন বিভাগের জন্য ১,৭৭,৫০০ টি এবং এএসসি কার্যক্রমের জন্য ২,২০,০০০ টি মোট ৩,৯৭,৫০০ টি বীজ নারিকেল সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো ।

২। ২০১৯-২০ সালের জন্য প্রতিটি বীজ নারিকেলের ক্রয় মূল্য কেন্দ্রে পৌছানো পর্যন্ত লোডিং, আনলোডিং ও পরিবহন খরচসহ ৩১.০০ (একত্রিশ) টাকা এবং উৎপাদিত প্রতিটি নারিকেল চারার বিক্রয় মূল্য ৫০.০০ (পঞ্চাশ) টাকা এবং পাহাড়ী এলাকা (লামা ও বান্দরবান,এএসসি) এর জন্য প্রতিটি নারিকেল চারার বিক্রয়মূল্য ৪৯.০০(উনপঞ্চাশ) টাকা নির্ধারন করা হলো ।

৩। ২০১৯-২০ সালের জন্য প্রতিটি নারিকেল চারার উৎপাদন খরচ ৪.১১ টাকা(চাষ খরচ ০.০৪/- + সেচ খরচ ০.০৬/- + সার ০.৪৯/- + শ্রমিক ব্যয় (বপন,আন্তঃপরিচর্যা ও উত্তোলনসহ)-২.৮৮/- +বালাইনাশক ব্যয় ০.৬৪/-) নির্ধারণ করা হলো ।

৪। ২০১৯-২০ সালের জন্য কঃগ্রোঃ এর মাধ্যমে মানসম্পন্ন বীজ নারিকেল ক্রয় এবং ৭০% বিক্রয়যোগ্য চারা উৎপাদনের লক্ষ্যে নিম্নোক্ত বৈশিষ্ট্যসমূহ কঠোরভাবে প্রতিপালনের সিদ্ধান্ত গ্রহণ করা হলো ঃ

(ক) বীজ নারিকেলের পরিধি ১৮ ইঞ্চি থেকে ২২ ইঞ্চি (৪৬-৫৬ সেঃ মিঃ)হতে হবে ।
(খ) নারিকেল এর আকার গোলাকৃতি হতে ডিম্বাকৃতি হতে হবে ।
(গ) বীজ নারিকেলের ভিতরে পর্যাপ্ত পানি থাকতে হবে ।
(ঘ) বীজ নারিকেল সুপরিপক্ক হতে হবে এবং খোসার রং উজ্জ্বল ও মসৃণ হতে হবে ।
(ঙ) প্রতিটি নারিকেলের সাথে বৃতি(calyx) সংযুক্ত অবস্থায় থাকতে হবে ।
(চ) নারিকেল দেখেই যেন বুঝা যায় তা গজাবে ।
(ছ) উৎপাদিত নারিকেল চারার রং সবুজ ও চারা খাড়া হতে হবে ।
(জ) মানসম্পন্ন বিক্রয়যোগ্য চারা উৎপাদনের হার নূন্যতম ৭০% হতে হবে ।
(ঝ) কমিটি কর্তৃক পরীক্ষা করে কোন রকম অপরিপক্ক নারিকেল ক্রয়ের বিষয় দৃষ্টিগোচর হলে কেন্দ্র প্রধান ও সংশ্লিষ্টগণ এ জন্য দায়ী থাকবেন ।
(ঞ) মাঠে প্রত্যেকটি নারিকেলের চারার স্বাভাবিক বৃদ্ধি নিশ্চিত করতে হবে ।

৫। নির্ধারিত ক্রয়মুল্যে নিম্নে বর্ণিত কমিটির তদারকি ও বীজ নারিকেলের মান সম্পর্কে প্রত্যয়নের ভিত্তিতে বীজ নারিকেল সংগ্রহ লক্ষ্যমাত্রা অনুযায়ী চুক্তিবদ্ধ চাষীর নিকট হতে ক্রয় করতে হবে এবং নিয়মমাফিক বিল, ভাউচার সংরক্ষণ করতে হবে ।

Seed coconut-8

Programmer

মনিটরিং বিভাগ

বীজ নারিকেল ক্রয়ের তদারককারী কমিটির সদস্যবৃন্দ নিম্নরূপঃ

ক)	যুগ্ম-পরিচালক(বীজ বিপনন/সার ব্যবস্থাপনা/কঃগ্রোঃ), বিএডিসি ।	-- সভাপতি
খ)	উপপরিচালক (বীজ বিপনন), বিএডিসি ।	-- সদস্য
গ)	বীজ নারিকেল ক্রয়ের জন্য বিএডিসির স্থানীয় পর্যায়ের একজন কর্মকতা(উপপরিচালক পদমর্যাদার নীচে নয়)	- সদস্য
ঘ)	সংশিষ্ট উপজেলা কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	-- সদস্য
ঙ)	সংশিষ্ট যুগ্ম / উপপরিচালক (উদ্যান/এএসসি) ।	-- সদস্য-সচিব

৬। উদ্যান ও এএসসি'র প্রতিটি খামারে বরাদ্দকৃত বীজ নারিকেল জমিতে বপনের পর অংকুরিত নারিকেল চারা ও অঅংকুরিত বীজ নারিকেল বপনের স্থানে যথারীতি থাকতে হবে, যাতে উর্ধ্বতন কর্তৃপক্ষ খামার পরিদর্শনকালে গণনা করে বরাদ্দকৃত মোট বীজ নারিকেলের সংখ্যার সাথে বপনকৃত বীজ নারিকেলের মোট সংখ্যা সমান দেখতে পায় ।

৭। বিগত ০৫(পাঁচ) বছর যাবত নারিকেল বীজের অংকুরোদগম ক্ষমতা (Germination Percentage) ও চূড়ান্তভাবে বিক্রয়যোগ্য নারিকেল চারা সংখ্যা নির্ধারণের নিমিত্ত ট্রায়াল কার্যক্রম বাস্তবায়নের পরিপ্রেক্ষিতে বীজের অংকুরোদগম ক্ষমতা (Germination Percentage) ও চূড়ান্তভাবে বিক্রয়যোগ্য নারিকেল চারার শতকরা হার চূড়ান্তভাবে ৭০ নির্ধারণ করা হলো ।

- বর্ণিতাবস্থায়, মূল্য নির্ধারণ কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী চলতি ২০১৯-২০ অর্থ বছরে এগ্রো সার্ভিস বিভাগের আওতাধীন ১৪টি এগ্রো সার্ভিস কেন্দ্রে নিম্ন বর্ণিতভাবে বীজ নারিকেল ক্রয়ের সংখ্যা ও প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হলো ।

ক্রঃ নং	কেন্দ্রের নাম	বীজ নারিকেল ক্রয়ের অনুমোদিত সংখ্যা	বীজ ক্রয়ের জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ (টাকা)
১	দিনাজপুর	২০,০০০	৬২০০০০
২	রংপুর	১৩,০০০	৪০৩০০০
৩	পাবনা	১১,০০০	৩৪১০০০
৪	খুলনা	১৪,০০০	৪৩৪০০০
৫	জামালপুর	১১,০০০	৩৪১০০০
৬	কিশোরগঞ্জ	১২,০০০	৩৭২০০০
৭	সিলেট	২৪,০০০	৭৪৪০০০
৮	লামা	১২,০০০	৩৭২০০০
৯	বান্দরবান	২৪,০০০	৭৪৪০০০
১০	নোয়াখালী	২১,০০০	৬৫১০০০
১১	বরিশাল	২২,০০০	৬৮২০০০
১২	পটুয়াখালী	১২,০০০	৩৭২০০০
১৩	বরগুনা	১২,০০০	৩৭২০০০
১৪	মেহেরপুর	১২,০০০	৩৭২০০০
	সর্বমোট ঃ	২,২০,০০০	৬৮২০০০০

- নিম্নস্বাক্ষরকারীসহ ব্যবস্থাপক (উৎপাদন/বিপণন) এএসসি, বিএডিসি, ঢাকা বীজ নারিকেল সংগ্রহ ও নারিকেল চারা উৎপাদন কার্যক্রমের ভিজিল্যান্স অফিসার হিসাবে বীজ সংগ্রহের স্থান, সময় ও পরিমাণ ও অন্যান্য কার্যক্রম মনিটর করবেন ।

৮। নারিকেল বীজ সংগ্রহ শেষে ৩০-০৯-২০১৯ তারিখের মধ্যে অবশ্যই বীজ রোপনের কাজ সম্পন্ন করতে হবে। রোপনের প্রতিবেদন নিম্নোক্ত ছকে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে বীজ নারিকেল জমিতে রোপন করতে ব্যর্থ হলে তার দায় দায়িত্ব কেন্দ্র প্রধানসহ সংশ্লিষ্টগণকে বহন করতে হবে।

বীজ সংগ্রহের লক্ষ্যমাত্রা	চুক্তিবদ্ধ চাষীর নাম ও ঠিকানা	ক্রয়কৃত নারিকেল বীজের সংখ্যা	প্রতিটি নারিকেল বীজের ক্রয়মূল্য	পরিশোধিত টাকার পরিমাণ	বীজ রোপনের তারিখ
১	২	৩	৪	৫	৬

সংযুক্তঃ মূল্য নির্ধারণ কমিটির সভার কার্যবিবরণী (০৬ পৃষ্ঠা)

২৮/৮/২০১৯
(এস.এম.আলতাফ হোসেন)
পরিচিতি নংঃ ০২০০৯০
মহাব্যবস্থাপক(এএসসি)
বিএডিসি, ঢাকা।

স্মারক নং- ১২.২৮৪.০৩৫.০১.০১.০০২.২০১৮/ ১৮১ (৯)

তারিখ ঃ- ২৮ আগষ্ট, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। চেয়্যারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
২। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহঃ ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩। প্রধান (পরিকল্পনা/মনিটরিং), বিএডিসি, ঢাকা।
৪। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৫। ব্যবস্থাপক (উৎপাদন/বিপনণ) এগ্রো সার্ভিস বিভাগ, বিএডিসি, ঢাকা।

২৮/০৮/২০১৯
(ড. মোঃ ইসবাত)
পরিচিতি নংঃ ০২০১৩৬
ব্যবস্থাপক(এএসসি)
বিএডিসি, ঢাকা।